[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, সহকারী কমিশনার এস এম আব্দুর রউফ শিবলু, মীর্জা শহিদুল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার অহীন্দ্র কুমার মন্ডল, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনিসুর রহমান, ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রেবেকা সুলতানাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

মেহেরপুরের আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিশ্ব শিক্ষক দিবস পালিত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে সোমবার (৫ অক্টোবর) সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি আমঝুপির প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিদ্যালয়ে এসে শেষ হয়।

র্যালিতে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি, বিসিবির মেহেরপুর জেলা প্রতিনিধি মো. হাসিবুর জামান (স্বপন)ও ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন ।

র্যালি শেষে বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন মো. হাসিবুর জামান (স্বপন)। সভায় স্বাগত বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমিন ও সহকারী প্রধান শিক্ষক মোহাম্মদ হাফিজ্জামান।

সভাপতির বক্তব্যে মো. হাসিবুর জামান (স্বপন) শিক্ষার মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষার্থীদের পড়াশোনার মান আরও উন্নত করতে শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের সম্মিলিতভাবে কাজ করতে হবে।

আলোচনা সভা সঞ্চালনা করেন মো. হাবিবুর রহমান (বিএসসি)। সভায়

বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবুল হাসান, বশির আহমদ, ফারাহ হোসেন লিটন, হাবিবুর রহমান, শাহানাজ খাতুন, নার্গিস চৌধুরী, মো. তাসমিন জামান তুষার, মো. রকিবুল ইসলাম, মো. রকিবুজ্জামান, মো. গাজিউর রহমান, মো. ইব্রাহীম খলীল ও মো. রুবেল রানাসহ বিদ্যালয়ের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় জেলা শিল্পকলা একাডেমী থেকে র্যালি শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয় জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ তোজাম্মেল হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার আবদুর রাহীম।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে শিক্ষা মন্রনালয়ের নির্দেশে সারা বাংলাদেশের মতো মেহেরপুরে ও বিভিন্ন ক্যাটাগরিতে গুণী শিক্ষক নির্বাচন করা হয়েছে ।

কলেজ পর্যায়ে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, কলেজ কারিগরিতে মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল, মাধ্যমিক পর্যায়ে মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের জীববিজ্ঞান বিভাগের সহকারী শিক্ষক রোকসানা পারভীন, মাধ্যমিক কারিগরিতে সরকারী টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের চীফ ইন্সট্রাক্টর মোঃ শফিউদ্দিন, দাখিল মাদ্রাসায় গভীপুর দাখিল

মাদ্রাসার সহকারী মৌলভী শুকুর আলী এবতেদায়ী মাদ্রাসায় দারুল উলুম আহমদিয়া কামিল মাদ্রাসার ইবতেয়ায়ী প্রধান ছানোয়ার হোসেন,ফাজিল মাদ্রাসায় মানিকনগর ডিএস আলিম মাদ্রাসার আরবি বিভাগের প্রভাষক মাহফুজুর রহমান প্রাথমিক ক্যাটাগরিতে কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আক্তারুজ্জামান, কাদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মিনারুল ইসলামও এস এস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শফিকুল ইসলাম। গুণী শিক্ষকদের ফুল দিয়ে অভিনন্দিত করেন ে়জলা প্রসাসক ও মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড মোঃ তোজাম্মেল হোসেন শিক্ষক দিবসের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরেন। তিনি প্লেটো, সক্রেটিস এরিষ্সটল এর সময়ে শিক্ষার প্রচলন সম্পর্কে আলোচনা করেন। শিক্ষা ক্ষেত্রে সরকারেী নেওয়া বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে আলোচনা করেন। এছাড়া শিক্ষকদের মহান পেশা ও যে ব্রত নিয়ে চাকুরী শুরু করেছিলেন সেদিকে গুরুত্ব দেয়ার আহবান জানান। শিক্ষাক্ষেত্রে শিক্ষক দের বিভিন্ন সমস্যার সমাধান কিভাবে করা যায় তার দিকনির্দেশনা দেন তিনি

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থপ্রতিম শীলের সঞ্চালনায় ‘শিক্ষকদের পাশে দাঁড়ানো: পেশা সুরক্ষায় ৬০ বছর, মর্যাদায় সমুন্নত রাখা এবং আমাদের ভবিষ্যৎ রূপদান’ প্রতিপাদ্যের ওপর বক্তব্য দেন মেহেরপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি ও কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, মেহেরপুর দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক সোলাইমান শেখ এবং সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সদর উপজেলা সভাপতি ও এস এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক এস এম শফিকুল ইসলাম মিন্টুসহ অনেকে।

আলোচনা সভায় বক্তারা শিক্ষকদের পেশাগত নিরাপত্তা, মর্যাদা, অধিকার এবং শিক্ষার মানোন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। বক্তারা বলেন, একটি জাতির ভবিষ্যৎ গঠনে শিক্ষকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষকদের যথাযথ মর্যাদা, পেশাগত নিরাপত্তা ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করার মাধ্যমে শিক্ষার গুণগত মান আরও উন্নত করা সম্ভব।

র্যালিতে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থপ্রতিম শীল, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা আব্দুর রহিম, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক মুন্সি রাশেদুল হক,

মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, আমঝুপি আলিম মাদ্রাসার উপাধ্যক্ষ শরিফুজ্জামান, জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন, সদর উপজেলা সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শফিকুল ইসলাম মিন্টু, প্রধান শিক্ষক ফিরোজ হোসেন, নুরুল গনিসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত

‘শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টার দীপ্তি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে আজ রোববার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, জেলা শিক্ষা অফিসার লুৎফর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোসনে আরাসহ শিক্ষকরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, শিক্ষকদের হাতেই গড়ে ওঠে জাতির ভবিষ্যৎ। তাই তাদের মর্যাদা রক্ষা ও দক্ষতা উন্নয়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। তারা আরও বলেন, প্রযুক্তিনির্ভর যুগে শিক্ষকদের দায়িত্ব আরও বেড়েছে—শিক্ষার্থীদের জ্ঞান ও মানবিকতায় গড়ে তোলাই এখন মূল লক্ষ্য। তাই শিক্ষার্থীদের জ্ঞান, নৈতিকতা ও মানবিকতায় গড়ে তুলতে প্রতিটি শিক্ষককে এগিয়ে আসার আহ্বান জানান।

আমঝুপিতে বিশ্ব শিক্ষক দিবসে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে আজ সোমবার সকাল ১০ টার দিকে আমঝুপিতে এক র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযান (CAMPE) ও মানব উন্নয়ন কেন্দ্র (মউক) যৌথ ভাবে এই সভার আয়োজন করে। মউকের হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক মো: আসাদুল ইসলাম।

এ সময় মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম র্কমসূচীর লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসাবে আরো বক্তব্য রাখেন উপজেলা সমাজ সেবা অফিসার মো: আনিছুর রহমান, বাংলাদেশ সরকারি প্রথমিক শিক্ষক এ্যাসেসিয়েশন জেলা সভাপতি নাজমুল হক লিটন, সাধারন সম্পাদক মো: আসাদুল হক, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সোহেল রানা।

আলোচনায় আরো অংশ গ্রহন করেন নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াছ নবী, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রকিব।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন মানবাধীকার কর্মী সাদ আহম্মেদ। অনুষ্ঠানের আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে।

জীবননগরে বিশ্ব শিক্ষক দিবস

উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জীবননগর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । আজ শনিবার সকাল ১০ টার সময় বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন জীবননগর উপজেলা শাখার আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে জীবননগর পৌর শহরের মেইন বাস স্ট্যান্ড চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন জীবননগর উপজেলা শাখার সভাপতি মাওলানা সাইদুর রহমানের সভাপতিত্বে র্যালি ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন, জীবননগর ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আব্দুল খালেক, উথলী কলেজের প্রভাষক, আসা দা মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আহমদুল হক তুহিনসহ জীবননগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবসে ৫ গুণী শিক্ষককে সম্মাননা প্রদান

মেহেরপুর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে জেলার গুণী ৫ শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়েছে। আজ শনিবার (৫ অক্টোবর) বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিক্ষকদের সম্মাননা প্রদান করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ মেহেরপুর জেলার গুনি ৫ শিক্ষকের হাতে সম্মাননা পুরস্কার তুলে দেন। সম্মাননা প্রাপ্ত শিক্ষকরা হলেন, গাংনী বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক দিলারা

আফরোজ, আমঝুপি ফাজিল মাদ্রাসার এবতেদায়ী মৌলভী আহসানুজ্জামান, একই মাদ্রাসার আইসিটি সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মেহেরপুর দারুল উলুম আহমদীয়া ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক সোলায়মান হোসেন, এবং বামুন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক হাফিজুর রহমান বকুল।

সম্মাননা প্রদান অনুষ্ঠানে অন্যদের মধ্যে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রনি আলম নুর,সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন,পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন,শিক্ষক হচ্ছেন মানুষ গড়ার কারিগর। বাবা মা সন্তানের লালন পালনের দায়িত্ব নিলেও সন্তানকে শিক্ষা দেন শিক্ষক। সকল শিক্ষক শ্রদ্বেয়। প্রত্যেক শিক্ষক সম্মানীয়। শিক্ষকেদর মর্যাদা যেন কোন ক্রমে নস্ট না হয়,কোক শিক্ষকের,মনে যেন কোন শিক্ষার্থী দুঃখ না দেয় সে বিষয়ে সকলকে দায়িত্ববান হতে হবে। পিতামাতাদেরও শিক্ষাগুরুর মর্যাদা সপ্মর্কে সন্তানদের সচেতন করতে হবে।

শিক্ষকদের উদ্দেশ্য করে জেলা প্রশাসক বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের আরও দায়িত্ববান হতে হবে। সরকারি বিদ্যালয়ে লেখাপড়ার মান বৃদ্ধি করতে হবে। প্রাইভেট বিদ্যালয়ের সাথে প্রতিযোগীতা করতে পারলে সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থীরা বেশি বেশি মনোযোগী হবে।

কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষায় নতুন সামাজিক অঙ্গীকার এ প্রতিপাদ্য কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটি পালনে শনিবার সকালে র্যালি ও

আলোচনা সভা করেন শিক্ষকরা।

কোটচাঁদপুর উপজেলা অফিসার্স ক্লাবে এ আলোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন,সহকারী কমিশনার ভূমি ও উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) জান্নাতুল মাওয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা একাডেমিক সুপার ভাইজার ফারুক আহাম্মেদ।

এ ছাড়াও বক্তব্য রাখেন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সঞ্চয় কুমার, উপজেলা আথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শহিদুল ইসলাম, কোটচাঁদপুর সরকারী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিযার রহমান,বড় কামনসহ সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক বাবুল হোসেন।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কবীর হোসেন। এর আগে উপজেলা চত্বর থেকে একটি র্যালি বের হয়। পরে র্যালিটি বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন।

চুয়াডাঙ্গায় বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় যথাযথ মর্যাদার সাথে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। শিক্ষকের কণ্ঠস্বর শিক্ষার নতুন সামাজিক অঙ্গীকার প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে ও চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসের সহযোগিতায় বিশ্ব শিক্ষক দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (৫ অক্টোবর) সকাল দশটায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় হতে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়। র্যালিটি চুয়াডাঙ্গার প্রধান প্রধান

দামুড়হুদা ও দর্শনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষকের কন্ঠস্বর, শিক্ষায় নতুন সামাজিক অঙ্গীকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদা ও দর্শনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।
এ উপলক্ষে আজ শনিবার (৫ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার সময় দামুড়হুদা উপজেলা অডিটোরিয়াম থেকে র্যালি বাহির হয়ে দামুড়হুদা উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা চত্বরে এসে শেষ র্যালিটি শেষ হয়।পরে উপজেলার হলরুমে দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার মমতাজ মহলের সভাপতিত্বে, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা একাডেমি সুপারভাইজার রাফিজুল ইসলাম।
অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, দামুড়হুদা পাইলট সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, শিক্ষক আব্দুল মমিন, বখতিয়ার হোসেন, নাসির উদ্দীন প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম।
অপরদিকে, দর্শনা পৌরসভার ঐতিহ্যবাহি মেমনগর বিপ্রদাস মাধ্যামিক বিদ্যালয়, কেরু উচ্চ বিদ্যালয় দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসা নারী শিক্ষা প্রতিষ্ঠান দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয় যথাযথ মর্যাদায় বিশ্ব শিক্ষক দিবস পালন করেন, এসময় বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবির, কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিম,মেমনগর মাধ্যামিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক একরামুল হক,দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ শফিকুল ইসলাম, শিক্ষক হাসমত আলী, মাহমুদা খাতুন, শামসুন নাহার তুলি,শামসুল নাহার হীরা, আরিফুল ইসলাম, হাফিজুর রহমান, রফিকুল ইসলাম, মেহবুব,সুমিতা খাতুন, নাসরিন আক্তারী প্রমুখ।